গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৪/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ৭ জানুয়ারি ২০১৯, ২৪ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ৪৭ সদস্যের নতুন মন্ত্রিসভা ঘোষণা : রাষ্ট্রপতি আজ শপথ পাঠ করাবেন
২। মন্ত্রিসভায় যুক্ত হলো টেকনোক্র্যাট কোটায় তিনমন্ত্রী
৩। চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হয়ে রেকর্ড করলেন শেখ হাসিনা
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ওমানের সুলতানের অভিনন্দন
৫। শপথ নিলেন জাপা চেয়ারম্যান
৬। শ্রদ্ধা ও ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত সৈয়দ আশরাফ : জানাজায় রাষ্ট্রপতির অংশগ্রহণ, প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
৭। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে এডিপি'র বাস্তবায়ন ২৭ দশমিক ৪২ শতাংশ : পরিকল্পনামন্ত্রী
৮। বাংলাদেশ সারাবিশ্বে সফল দেশ হিসেবে পরিচিত : ভারতের বিদায়ি হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা
৯। নির্বাচনে সব দলের অংশগ্রহণকে স্বাগত জানিয়েছে সুইজারল্যান্ড
১০। এক বছরে বিজিবি'র অভিযান : প্রায় ৯শ' ৪ কোটি টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ
১১। আগামী মার্চে ডাকসু নির্বাচনে আইনি বাধা নেই : সুপ্রিমকোর্টের আপিল বিভাগের আদেশ
১২। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টার চালু

চলমান পাতা-২

১।	**৪৭ সদস্যের নতুন মন্ত্রিসভা ঘোষণা : রাষ্ট্রপতি আজ শপথ পাঠ করাবেন**

নতুনদের প্রাধান্য দিয়ে টানা তৃতীয়বারের মতো মন্ত্রিসভা গঠন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীসহ নতুন মন্ত্রিসভার সদস্য ৪৭ জন, যাদের অর্ধেকের বেশিই নতুন। ৪৭ সদস্যের মন্ত্রিসভার মধ্যে ২৪ জন মন্ত্রী, ১৯ জন প্রতিমন্ত্রী ও তিন জনকে উপমন্ত্রী করা হয়েছে। নতুন মন্ত্রিসভা গঠনের পাশাপাশি তাদের দফতরও বণ্টন করা হয়েছে। বিদায়ি মন্ত্রিসভা থেকে বাদ পড়েছেন ৩৬ জন মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী। আজ (৭ জানুয়ারি সোমবার) বিকেল সাড়ে ৩টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ পাঠ করাবেন। এরপর নতুন মন্ত্রিসভার বিষয়ে প্রজ্ঞাপন জারি করবে মন্ত্রিপরিষদ বিভাগ। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম গতকাল (৬ জানুয়ারি রোববার) সচিবালয়ে এক সংবাদসম্মেলনে নতুন মন্ত্রিসভার সদস্যদের নাম ঘোষণা করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২।	**মন্ত্রিসভায় যুক্ত হলো টেকনোক্র্যাট কোটায় তিনমন্ত্রী**

টেকনোক্র্যাট কোটায় এবার নতুন মন্ত্রিসভায় দু'জন মন্ত্রি ও এক জনকে প্রতিমন্ত্রী করা হয়েছে। এদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক মন্ত্রী করা হয়েছে স্থপতি ইয়াফেস ওসমানকে এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী হিসেবে মোস্তাফা জব্বারকে পুনরায় মন্ত্রিসভায় রাখা হয়েছে। এবার টেকনোক্র্যাট কোটায় আওয়ামী লীগের ধর্ম বিষয়ক সম্পাদক শেখ মোহাম্মদ আব্দুল্লাহকে ধর্মবিষয়ক প্রতিমন্ত্রী করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭)।

৩।	**চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হয়ে রেকর্ড করলেন শেখ হাসিনা**

রেকর্ড চতুর্থবার (টানা তৃতীয় বার) প্রধানমন্ত্রী হলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ কন্যা ও আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা। গতকাল (৬ জানুয়ারি রোববার) একাদশ জাতীয় সংসদের পূর্ণাঙ্গ মন্ত্রিসভা গঠনের মধ্য দিয়ে তিনি প্রধানমন্ত্রী হলেন। এর মধ্যে বঙ্গবন্ধুকন্যা বিশ্বের দীর্ঘমেয়াদি সরকারপ্রধানের তালিকায়ও অন্তর্ভুক্ত হচ্ছেন। একইসঙ্গে সপ্তমবারের মতো সংসদ সদস্য হওয়ায় দেশের ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ বার জনপ্রতিনিধি নির্বাচিত হলেন বঙ্গবন্ধুকন্যা। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমান বিশ্বের সবচেয়ে দীর্ঘস্থায়ী নারী সরকারপ্রধান। প্রধানমন্ত্রী হিসেবে তিনি ১৫ বছর (টানা দশ বছর) দেশ পরিচালনা করেছেন। এদিক থেকে তিনি জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মার্কেলকেও পেছনে ফেলেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৪।	**প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ওমানের সুলতানের অভিনন্দন**

গত সপ্তাহে অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ বিজয় অর্জন করায় বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন ওমানের সুলতান কাবুস বিন সাইদ আল সাইদ। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বলেন, ৩০ ডিসেম্বর জাতীয় নির্বাচনে আওয়ামী লীগের ব্যাপক বিজয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বাংলাদেশ আওয়ামী লীগ এবং দেশের জনগণকে অভিনন্দন জানিয়ে বার্তা পাঠিয়েছেন ওমানের সুলতান। তিনি বলেন, সুলতান কাবুস বিন সাইদ আল সাইদ তাঁর বার্তায় প্রধানমন্ত্রীর সাফল্য এবং বাংলাদেশের অব্যাহত শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৫)।

৫।	**শপথ নিলেন জাপা চেয়ারম্যান**

একাদশ জাতীয় সংসদের রংপুর-৩ আসনের সদস্য হিসেবে শপথ নিয়েছেন জাতীয় পার্টি (জাপা) চেয়ারম্যান এইচ এম এরশাদ। জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর কাছে তাঁর কার্যালয়ে গতকাল (৬ জানুয়ারি রোববার) শপথ নেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৬।	**শ্রদ্ধা ও ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত সৈয়দ আশরাফ :**
**জানাজায় রাষ্ট্রপতির অংশগ্রহণ, প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

সর্বস্তরের মানুষের শ্রদ্ধা ও ভালোবাসায় চিরনিদ্রায় শায়িত হলেন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। গতকাল (৬ জানুয়ারি রোববার) বিকেল ৪টা ৪০ মিনিটে তাঁকে বনানী

কবরস্থানে দাফন করা হয়। গত ৫ জানুয়ারি শনিবার সন্ধ্যা ৬টা ৫ মিনিটে থাইল্যান্ড থেকে সৈয়দ আশরাফের মরদেহ দেশে ফেরে। গতকাল সকালে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, আওয়ামী লীগের নেতাকর্মী ও রাষ্ট্রীয় পদমর্যাদাধারী ব্যক্তিরা। দেওয়া হয় গার্ড অভ্ অনার। এ সময় বিউগলে বেজে ওঠে করুণ সুর। জানাজার পর জাতীয় ও দলীয় পতাকায় মোড়া কফিনে ফুল দিয়ে এ আওয়ামী লীগ নেতার প্রতি শেষ শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শেষ বিদায়ের আগে একাত্তরের রণাঙ্গনে মুজিব বাহিনীর এ যোদ্ধার প্রতি ঢাকা জেলা প্রশাসনের পক্ষ থেকেও জানানো হয় রাষ্ট্রীয় সম্মাননা। সৈয়দ আশরাফের জানাজায় রাজনৈতিক নেতাকর্মীদের পাশাপাশি সাধারণ মানুষের উপস্থিতিতে সংসদভবনের দক্ষিণ প্লাজা ছিল পরিপূর্ণ। এরপরই প্রিয় এ নেতার মরদেহ নিয়ে যাওয়া হয় গ্রামের বাড়ি কিশোরগঞ্জে। সেখানে ঐতিহাসিক শোলাকিয়া ঈদগাহ মাঠে তাঁর দ্বিতীয় জানাজায় ঢল নামে সর্বস্তরের মানুষের। কিশোরগঞ্জে জানাজা শেষে হেলিকপ্টারে করে তাঁর মরদেহ নিয়ে যাওয়া হয় ময়মনসিংহে। দুপুর আড়াইটার পর তাঁর তৃতীয় জানাজা অনুষ্ঠিত হয়। এরপর মরদেহ দাফনের জন্য ঢাকায় নিয়ে আসা হয় এবং বাদ আছর বনানী কবরস্থানে তাঁকে সমাহিত করা হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**৭। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে এডিপি'র বাস্তবায়ন**
**২৭ দশমিক ৪২ শতাংশ : পরিকল্পনামন্ত্রী**

চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে (জুলাই-ডিসেম্বর) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর বাস্তবায়ন বেড়েছে। এ সময় বাস্তবায়ন হার দাঁড়িয়েছে ২৭ দশমিক ৪২ শতাংশ। যা গত অর্থবছরের একই সময়ে ছিল ২৭ দশমিক শূন্য ২ শতাংশ। প্রথম ছয় মাসে মন্ত্রণালয় ও বিভাগগুলো ব্যয় করতে পেরেছে ৪৯ হাজার ৫৯৫ কোটি টাকা। গত অর্থবছরের একই সময়ে ব্যয় হয়েছিল ৪৪ হাজার ৩৩১ কোটি টাকা। গতকাল (৬ জানুয়ারি রোববার) এক মিট দ্য প্রেস অনুষ্ঠানে এসব তথ্য প্রকাশ করেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**৮। বাংলাদেশ সারাবিশ্বে সফল দেশ হিসেবে পরিচিত : ভারতের বিদায়ি হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা**

বাংলাদেশে তিন বছর দায়িত্ব পালন শেষে আজ (৭ জানুয়ারি সোমবার) বিদায় নিচ্ছেন ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা। গতকাল (৬ জানুয়ারি রোববার) রাজধানীর বারিধারায় ভারতীয় হাইকমিশনে এক বিদায় সংবর্ধনায় তিনি বলেন, আজ বাংলাদেশ একটি সফল দেশ। কেবল এ অঞ্চলেই নয়, সারাবিশ্বে বাংলাদেশ সফল দেশ হিসেবে পরিচিত। প্রতিটি অর্থনৈতিক ও সামাজিক সূচকে বাংলাদেশ গত এক দশকে ঈর্ষণীয় অগ্রগতি সাধন করেছে। ভারতীয় হাইকমিশন আয়োজিত এ বিদায় সংবর্ধনায় হর্ষবর্ধন শ্রিংলা তাঁর তিন বছরের দায়িত্ব পালনকালে সহযোগিতা, সমর্থন আর আন্তরিকতার জন্য সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, সবার সমর্থনের জন্যই বাংলাদেশ ও ভারতের সম্পর্ক আজ অনন্য উচ্চতায় পৌঁছেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**৯। নির্বাচনে সব দলের অংশগ্রহণকে স্বাগত জানিয়েছে সুইজারল্যান্ড**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সব রাজনৈতিক দলের অংশগ্রহণকে স্বাগত জানিয়েছেন বাংলাদেশে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেনে হলেনস্টাইন। গতকাল (৬ জানুয়ারি রোববার) ঢাকায় পররাষ্ট্র সচিব এম. শহীদুল হকের সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণমূলক নির্বাচন নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। রাষ্ট্রদূত বলেন, সুইজারল্যান্ড আশা করে, নতুন সরকার গণতান্ত্রিক মূল্যবোধকে সমর্থন করবে। একইসঙ্গে মানবাধিকার ও মৌলিক স্বাধীনতার প্রতি শ্রদ্ধাশীল থেকে গণতন্ত্রের দিকে এগিয়ে যেতে জনগণের ইচ্ছাকে সম্মান দেখাবে। তিনি পররাষ্ট্র সচিবকে আশ্বস্ত করেন যে, সুইজারল্যান্ড বাংলাদেশের সঙ্গে তার চলমান অংশীদারিত্ব আরও এগিয়ে নেবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

**১০। এক বছরে বিজিবি'র অভিযান : প্রায় ৯শ' ৪ কোটি টাকার চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ**

গত এক বছরে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) দেশের সীমান্ত এলাকাসহ অন্যান্য স্থানে অভিযান চালিয়ে ৯শ'৩ কোটি ৭৪ লাখ ২ হাজার টাকা মূল্যের বিভিন্ন প্রকারের চোরাচালান ও মাদকদ্রব্য জব্দ করেছে। এছাড়া মাদক পাচারসহ অন্যান্য চোরাচালানে জড়িত থাকার অভিযোগে ২ হাজার ৭ শ' ৫ জন এবং অবৈধভাবে সীমান্ত অতিক্রমের দায়ে ১ হাজার ৩১৬ জন বাংলাদেশি নাগরিককে আটকের পর থানায় সোপর্দ করা হয়েছে। গতকাল (৬ জানুয়ারি রোববার) বিজিবি'র এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **ইনকিলাব** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**১১। আগামী মার্চে ডাকসু নির্বাচনে আইনি বাধা নেই : সুপ্রিমকোর্টের আপিল বিভাগের আদেশ**

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) নির্বাচন ছয় মাসের মধ্যে সম্পন্ন করতে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে থাকা স্থগিতাদেশ প্রত্যাহার করে নিয়েছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন আপিল বিভাগের চার সদস্যের বেঞ্চ গতকাল (৬ জানুয়ারি রোববার) এ আদেশ দেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**১২। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টার চালু**

দুর্ঘটনায় আহত বা মারাত্মকভাবে জখম রোগীদের দ্রুততম সময়ে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চালু হচ্ছে ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টার। এখানে ৪ শয্যার ইনটেনসিভ কেয়ার ইউনিট, ৪ শয্যার হাই ডিপেন্ডেন্সি ইউনিট এবং পোস্ট অপারেটিভ ইউনিটসহ মোট ১৬টি শয্যা থাকছে। থাকছে আলাদা প্যাথলজি সেবা। এতে রোগীরা পাবেন এক্সরে, ইসিজি, ইকোকার্ডিওগ্রাফি, সিটি স্ক্যান, আলট্রাসনোগ্রাফি, ডায়াথার্মি, পালস এক্সিমিটার এবং রক্তের জরুরি পরীক্ষা-নিরীক্ষা। গতকাল (৬ জানুয়ারি রোববার) স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক সেন্টারটি উদ্বোধন করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের বিভিন্ন স্থানে ছোট বড় মিলিয়ে বেশ কিছু অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সমকাল :** ফেনীর ছাগলনাইয়া উপজেলায় দেড়শ'র মতো অনুমোদনহীন কিন্ডারগার্টেন গড়ে উঠেছে উল্লেখ করে দেশের সকল অনুমোদনহীন কিন্ডারগার্টেনের ব্যাপারে ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** সরকার তৃতীয় দফায় ক্ষমতায় আসার পর ই-পুলিশ পদ্ধতি চালু করতে যাচ্ছে উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **সংবাদ :** তাবলিগ জামাতের দুই পক্ষের বিরোধের কারণে বিশ্ব ইজতেমা অনুষ্ঠানে। সংশয় দেখা দিয়েছে উল্লেখ করে বৃহত্তর মুসলিম জনতার স্বার্থে এ মতবিরোধ দ্রুত দূর করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** ব্রহ্মপুত্র ও যমুনার নাব্য সংকটে গাইবান্ধার সাথে কুড়িগ্রাম, জামালপুর ও বগুড়ার নৌযোগাযোগ রক্ষাকারী খেয়াঘাটগুলো বন্ধ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থায় প্রয়োজনীয় ড্রেজিংসহ অন্যান্য কার্যকর পদ্ধতি প্রয়োগের মাধ্যমে নদ-নদীগুলোর নাব্য ফিরিয়ে আনার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **অবজারভার :** দেশের বেশ কিছু ত্বক উজ্জ্বলকারী কসমেটিকসে ক্ষতিকর উপাদান পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** ফসলগুলোকে শীতের কুয়াশা থেকে সুরক্ষায় যথাযথ পদক্ষেপ গ্রহণের পরামর্শ।

জ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** চিংড়ি রপ্তানিকারকদের প্রণোদনা দেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ আজ মুক্তিযুদ্ধের চেতনায় শান্তি, গণতন্ত্র, উন্নয়ন ও সমৃদ্ধির পথে সুপ্রতিষ্ঠিত হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্য নিরাপত্তার উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন সম্ভব।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা